

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাঝে 'সমঝোতা স্মারক' চুক্তি স্বাক্ষরিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে মাদকের অপব্যবহার রোধে সচেতনতা সৃষ্টি, উদ্ভুদ্ধকরণ, প্রশিক্ষণ ও শিক্ষা কাজে পারস্পরিক সহযোগিতা প্রদানের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অধিনস্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মধ্যে একটি 'সমঝোতা স্মারক' চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান ১২ নভেম্বর-২০১৮, সোমবার বেলা ১২টায় উপাচার্য মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।

'সমঝোতা স্মারক' চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। সমঝোতা স্মারকে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের পক্ষে ডেপুটি রেজিস্ট্রার মোহাম্মদ জাহিদ আলম এবং মাদকদ্রব্য



নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহা-পরিচালকের পক্ষে যুগ্ম-সচিব মু. নুরুজ্জামান শরীফ, এনডিসি চুক্তিতে স্বাক্ষর করেন। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান ও ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এই চুক্তির আওতায় মাদক বিরোধী কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পাঁচ জন শিক্ষক, দুই জন ছাত্র-ছাত্রী, অভিভাবক প্রতিনিধি একজন এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একজন কর্মকর্তার সমন্বয়ে অনূন নয় সদস্য একটি কমিটি গঠন করা হবে। উভয়পক্ষ নিজ নিজ পক্ষের সদস্যদের মনোনয়ন করবেন। উক্ত কমিটির আহবায়ক ও সদস্য-সচিব হবেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক। মাদক বিরোধী সচেতনতা বৃদ্ধি ও অপব্যবহার রোধকল্পে এই কমিটি মাদক বিরোধী সমাবেশ, আলোচনা সভা, কর্মশালা, সেমিনার ইত্যাদির আয়োজন করবে। এছাড়াও ক্যাম্পাস এলাকায় মাদকদ্রব্যের ক্ষতিকর দিকগুলো তুলে ধরতে মাদকবিরোধী ডিজিটাল বোর্ড স্থাপন করা হবে।